# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২৭৫৮(২২৫০) তারিখঃ ২৯/০৬/২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের উত্তর-পূর্বাঞ্চলে সৃষ্ট সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ ২৭ জুন, ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ২৭ জুন, ২০২২ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে সার্কুলার লেটারটির নির্দেশনাসমূহ সরাসরি নিম্নরুপে উল্লেখ করা হলো ঃ

''এসিডি সার্কুলার নং-০৩, তারিখ:০৫/০৬/২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে"।

০৩। ০৫ জুন ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৩ এ উল্লেখিত ১ এবং ৩-৮ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোনা জেলার পাশাপাশি দেশের উত্তরাঞ্চলে বন্যা কবলিত জেলাসমূহ যথাঃ- শেরপুর, জামালপুর, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রালয় কর্তৃক চিহ্নিত বন্যা কবলিত অন্যান্য জেলাসমূহের জন্যও প্রযোজ্য হবে।

এছাড়া, উক্ত সার্কুলারের ২ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরুপভাবে পরিবর্তিত হবে ঃ

২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের এসিডি সার্কুলার নং-২ এর মাধ্যমে কৃষক/গ্রাহক পর্যায়ে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণের জন্য গঠিত ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকার বিশেষ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দপ্রাপ্ত ব্যাংকসমূহ কর্তৃক তাদের অব্যবহৃত স্থিতির ন্যূনতম ৪০% বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাসমূহেয় বিতরণ নিশ্চিত করতে হবে।

০৪। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ২৭ জুন, ২০২২ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এতদ্‌সংগে সংযুক্ত করা হলো। এমতাবস্থায়, এসিডি সার্কুলার লেটার নং-০২ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৭/০৬/২০২২
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২১-২০২২/ ২৭৫৮(২২৫০) তারিখঃ ২৯/০৬/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৭/০৬/২০২২
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ১৩ আষাঢ় ১৪২৯
২৭ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কর্মরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**দেশের উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলে সৃষ্ট সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক জারিকৃত ০৫ জুন ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত সার্কুলারে উল্লেখিত ১ এবং ৩-৮ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনাসমূহ সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কিশোরগঞ্জ ও নেত্রকোনা জেলার পাশাপাশি দেশের উত্তরাঞ্চলে বন্যা কবলিত জেলাসমূহ যথাঃ- শেরপুর, জামালপুর, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত বন্যা কবলিত অন্যান্য জেলাসমূহের জন্যও প্রযোজ্য হবে।

এছাড়া, উক্ত সার্কুলারের ২ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরূপভাবে পরিবর্তিত হবেঃ

২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ১৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখের এসিডি সার্কুলার নং-০২ এর মাধ্যমে কৃষক/গ্রাহক পর্যায়ে ৪% সুদ হারে কৃষি ঋণ বিতরণের জন্য গঠিত ৩,০০০.০০ (তিন হাজার) কোটি টাকার বিশেষ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বরাদ্দপ্রাপ্ত ব্যাংকসমূহ কর্তৃক তাদের অব্যবহৃত স্থিতির ন্যূনতম ৪০% বন্যায় ক্ষতিগ্রস্ত জেলাসমূহে বিতরণ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ লিয়াকত আলী মোল্লা)
পরিচালক (এসিডি)
ফোনঃ ৯৫৩০১৩৮